গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৭৪-আইন/২০২৬/২৯/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের স্বাধীন চলাচলের জন্য সহায়ক উপকরণসমূহের ক্ষেত্রে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস ডিউটি, রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, যদি থাকে, ও আগাম কর এবং যেই পরিমাণ ২ (দুই) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ অগ্রিম আয়কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
48.23	4823.90.99	Braille paper
49.11	4911.99.90	Picture exchange communication system (PECS)
66.02	6602.00.00	Walking sticks / canes
66.02	6602.00.00	Walking equipment for blind people
84.43	8443.32.90	Braille Printers
84.71	8471.30.00	Braille Notetaker
84.71	8471.60.90	Braille keyboards
84.71	8471.60.90	Refreshable braille Display
84.72	8472.90.90	Braille typewriters
85.23	8523.49.29	Screen reader software
85.23	8523.49.29	Braille translation software
85.31	8531.80.00	Personal emergency allert system
85.43	8543.70.90	Electronic Reading Devices Designed for use by the Blind or Persons with Very Poor Eyesight.
90.21	9021.90.90	Assistive Ultrasonic Glasses
90.21	9021.90.90	Ultrasonic Walking Stick / Smart Cane

Downloaded from www.taxvatpoint.com

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
90.21	9021.90.90	Electrolarynx
90.21	9021.90.90	Ultrasonic Navigation Aid
90.21	9021.90.90	Cochlear implants (implantable)
90.21	9021.90.90	Speech generating device (SGD)
91.01	9101.11.10; 9101.19.10; 9101.21.10; 9101.29.10; 9101.91.10; 9101.99.10	Watches specially designed for the use of the blind
96.10	9610.00.90	Braille slate and stylus

শর্তাবলি

(ক) এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধা গ্রহণের লক্ষ্যে আমদানিকারককে সমাজকল্যাণ মন্ত্রণালয় অথবা স্বাস্থ্য মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়ন শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(খ) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ শর্ত (ক) পরিপালন করা হইয়াছে কীনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে; এবং

(গ) কোনো আমদানিকারক এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com